

## উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ৪ ফেব্রুয়ারি

### ■ সমকাল প্রতিবেদক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের মধ্যে বাস্তবায়নমূলক বৈঠক বেলুন স্টেজ অবিলম্বে সংগঠনের দাবি জানিয়েছে সহকারী শিক্ষকদের একটি অংশ। একই সঙ্গে দাবি বাস্তবায়নে নতুন কর্মসূচিও ঘোষণা করেন তারা।

বেতন স্কেল  
সংশোধন  
দাবি

কর্মসূচির অংশ হিসেবে আগামী ৪ ফেব্রুয়ারি দেশব্যাপী উপজেলা পর্যায়ে শিক্ষক সমাবেশ ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান, ১২ ফেব্রুয়ারি সব জেলায় শিক্ষক সমাবেশ ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেবেন শিক্ষকরা।

গতকাল মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সহকারী ফোরাম আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের সদস্য সচিব মো. আবদুল হক। সংবাদ সম্মেলনে প্রধান শিক্ষকদের বেতন স্কেলের এক ধাপ নিচে সহকারী শিক্ষকদের বেতন স্কেল নির্ধারণ এবং সরাসরি প্রধান শিক্ষক নিয়োগ বন্ধ রেখে যোগ্যতার ভিত্তিতে সহকারী শিক্ষকদের মধ্য থেকে প্রধান শিক্ষক পদে শতাংশ পদেরোতির দুই দফা দাবি জানানো হয়। লিখিত বক্তব্যে আবদুল হক বলেন, বাস্তবায়নমূলক স্কেলে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের মধ্যে একদিকে শ্রেণীগত বৈষম্য (দ্বিতীয় ও তৃতীয় শ্রেণী), অন্যদিকে তিন ধাপ নিচে বেতন বৈষম্য রেখে বাস্তবায়নের প্রক্রিয়া চলছে। একই যোগ্যতার প্রবেশ করে এ ধরনের স্কেল বাস্তবায়িত হলে কর্মক্ষেত্রে সহকারী শিক্ষকরা বিরাট বৈষম্যের শিকার হবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের আহ্বায়ক মো. ওহিদুর রহমান, প্রাথমিক শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ছিদ্দিকুর রহমান, মুনসী আহম্মদ আহমদ, বজলুর রশিদ, কমল বকশী প্রমূখ।